

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৭জি-২৯৩(ক-৩)/২০১০/৪০৯০/৪

তারিখ : ২৪/৯/২০১৯ খ্রি.

বিষয় : কারণ দর্শানো পত্রের জবাব দাখিলকরণ।

সূত্র : স্মারক নং পরি/আ:শি:অ:/কু:অ:/তদন্ত/২৯/২০১৭/৫৯৮ তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন কালীপুর উচ্চ বিদ্যালয় ও কলেজের জনাব মো: দ্বীন ইসলাম তালুকদার, প্রভাষক(ইংরেজি) এর অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারক মোতাবেক অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার মতামত নিম্নরূপ :

- (১) চাকুরী বিধি বহির্ভূতভাবে প্রধান শিক্ষক(অধ্যক্ষ) জনাব এনামুল হক ইংরেজি বিষয়ের প্রভাষক জনাব দ্বীন ইসলামকে থাপ্পড় মেরেছেন বিষয়টি প্রমাণিত।
- (২) জনাব মো: এনামুল হকের কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে অত্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ পেয়েছেন। বহির্ভূতভাবে নিয়োগের মাধ্যমে প্রাপ্ত সকল আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য।
- (৩) যেহেতু জনাব মো: এনামুল হকের প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ বিধি সম্মত নয়, তাই ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে তাঁর নিয়োগ ও দায়িত্ব পালনও বিধি সম্মত নয়। প্রতিষ্ঠানটিতে অতি দ্রুত একজন অধ্যক্ষ নিয়োগ দেয়া প্রয়োজন।
- (৪) প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মাকসুদা বেগমের সাথে অনৈতিক সম্পর্কের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত) এর ২৬/১১/২০১৬ তারিখের তদন্ত প্রতিবেদনে তাদের মধ্যে সম্পর্কের বিষয়টি উল্লেখ আছে।
- (৫) নিয়ম বহির্ভূতভাবে গৃহীত অতিরিক্ত রেজি: ফি ফেরতযোগ্য।
- (৬) শিক্ষকবৃন্দ ও সভাপতির বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠানটিতে শিক্ষকদের মধ্যে গ্রুপিং বিদ্যমান।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার ১, ২ ও ৫ নং মতামত অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রামাণ্য রেকর্ডপত্রসহ সুস্পষ্ট ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alca 24.9.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব মো: এনামুল হক

অধ্যক্ষ

কালীপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ

মতলব উত্তর, চাঁদপুর।

বিতরণ :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- (২) সভাপতি, গভর্নিং বডি, কালীপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, মতলব উত্তর, চাঁদপুর;
- (৩) সংরক্ষণ নথি।